# সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৫৬৫

১৪/ সিয়াম (রোজা) (كتاب الصيام)

পরিচ্ছেদঃ ২৫. মৃত ব্যক্তির পক্ষ হতে সাওমের কাযা আদায় করা

باب قَضَاءِ الصِّيَامِ عَنِ الْمَيِّتِ

আরবী

وَحَدَّثَنِي أَحْمَدُ بْنُ عُمَرَ الْوَكِيعِيُّ، حَدَّثَنَا حُسَيْنُ بْنُ عَلِيٍّ، عَنْ زَائِدَةَ، عَنْ سُلَيْمَانَ، عَنْ مُسْلِمٍ الْبَطِينِ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، ـ رضى الله عنهما ـ قَالَ جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَ يَا رَسُولَ اللَّهِ إِنَّ أُمِّي مَاتَتْ وَعَلَيْهَا صَوْمُ شَهْرٍ أَفَأَقْضِيهِ عَنْهَا فَقَالَ " لَوْ كَانَ عَلَى أُمِّكَ دَيْنٌ أَكُنْتَ قَاضِيَهُ عَنْهَا " . قَالَ نَعَمْ . قَالَ " فَدَيْنُ اللَّهِ أَحَقُّ أَنْ يُقْضَى " . قَالَ سُلَيْمَانُ فَقَالَ الْحَكَمُ وَسَلَمَةُ بْنُ كُهَيْلٍ جَمِيعًا وَنَحْنُ جُلُوسٌ حِينَ حَدَّثَ مُسْلِمٌ بِهَذَا الْحَدِيثِ فَقَالاَ سَمِعْنَا مُجَاهِدًا يَذْكُرُ هَذَا عَنِ ابْنِ عَبَّاسٍ.

বাংলা

২৫৬৫। আহমদ ইবনু উমর আল ওয়াকিঈ (রহঃ) ... ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। জনৈক ব্যাক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বললেনঃ হে আল্লাহর রাসুল! আমার মা মুত্যবরণ করেছেন। তার উপর রয়েছে এক মাসের সাওম (রোযা/রোজা/সিয়াম/ছিয়াম) এর কাযা। আমি তার পক্ষ হতে এ সাওমের কাযা আদায় করতে পারি কি? তিনি বললেন যদি তোমার মায়ের উপর কোন ঋন থাকত তাহলে তুমি তা পরিশোধ করতে কি? তিনি বললেন, হ্যাঁ, নিশ্চয়ই। তিনি বললেনঃ তাহলে আল্লাহর ঋণ পরিশোধের অধিক হকদার।

সুলায়মান (রহঃ) বলেন, হাকাম ও সালামা ইবনু কুহায়ল উভয়ের বলেছেন, যখন মুসলিম (রহঃ) হাদীসটি বর্ণনা করেছিলেন তখন আমরা সকলে সেখানে উপস্থিত ছিলাম। তারা বললেন, আমরা ঐ হাদীসটি মুজাহিদ (রহঃ) কে ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণনা করতে শুনেছি।

## English

Ibn 'Abbas (Allah be pleased with them) reported:
A man came to the Messenger of Allah (ﷺ) and said: Messenger of Allah, my mother has died (in a state) that she had to observe fasts of a month (of

Ramadan). Should I complete (them) on her behalf? thereupon he (the Holy Prophet) said: Would you not pay the debt if your mother had died (without paying it)? He said: Yes. He (the Holy Prophet) said: The debt of Allah deserves more that it should he paid.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=12176

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন